

১০ম জাতীয় এসএমই পণ্য মেলা- ২০২২, ঢাকা ২৪ নভেম্বর-০৩ ডিসেম্বর ২০২২

স্টলের জন্য আবেদন ফরম

- প্রতিষ্ঠানের নাম: _____
(বাংলা)

(ইংরেজী)
- উদ্যোক্তার নাম: _____
(বাংলা)

(ইংরেজী)
- জাতীয় পরিচয়পত্র নং: _____
- যোগাযোগের ঠিকানা: _____
(অফিস/শো-রুমের ঠিকানা)

(কারখানার ঠিকানা (যদি থাকে))
- টেলিফোন: _____ মোবাইল: _____
- ই-মেইল: _____ ৭. ওয়েবসাইট: _____
- ট্রেড লাইসেন্স নং: _____ ইস্যুর তারিখ: _____
- প্রতিষ্ঠানের ধরণ: মাইক্রো ক্ষুদ্র মাঝারি
- স্থায়ী সম্পদ (টাকা): _____ চলতি সম্পদ: _____
(জমি, দালান, যন্ত্রপাতি, আসবাব, পরিবহন ইত্যাদি) (কাঁচামাল, মজুদমাল, উৎপাদনে প্রক্রিয়াজাত পণ্য)
- মাসিক আয়-ব্যয়ের তথ্য (টাকা): _____
মোট বিক্রয় মোট ব্যয় নিট লাভ
- শ্রমিক/কর্মী সংখ্যা: স্থায়ী: _____ অস্থায়ী: _____
নারী পুরুষ মোট নারী পুরুষ মোট
- ব্যবসার ধরণ: উৎপাদনকারী সেবাদানকারী অন্যান্য
- উৎপাদিত পণ্য/সেবাসমূহের নাম: _____
- মেলায় প্রদর্শিত পণ্য/সেবার নাম: _____
- মেলায় যে ধরণের স্টল বরাদ্দ নিতে আগ্রহী: সাধারণ স্টল (২০,০০০/-) কর্ণার স্টল (২৫,০০০/-) দু'টি স্টল (৪৫,০০০/-)
- পে-অর্ডারের বিবরণ: _____
(ব্যাংক ও শাখার নাম) (টাকার পরিমাণ) (পে-অর্ডারের নম্বর ও তারিখ)
- ব্যাংক অ্যাকাউন্টের তথ্য*: _____
(অ্যাকাউন্টের নাম) (অ্যাকাউন্ট নম্বর)
*এই একাউন্টে পে-অর্ডারের অর্থ ফেরত প্রদান করা হবে

(ব্যাংক ও শাখার নাম) (শাখার রাউটিং নম্বর)
- জাতীয় এসএমই পণ্য মেলায় অংশগ্রহণ: ২০১২ ২০১৩ ২০১৪ ২০১৬ ২০১৭ ২০১৮ ২০১৯ ২০২০ ২০২১

আমি নিশ্চিত করছি যে, আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য সঠিক। এছাড়া আমি অস্বীকার করছি যে, মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে বর্ণিত সকল শর্ত যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালনে বাধ্য থাকবো। অন্যথায় এসএমই ফাউন্ডেশন কর্তৃপক্ষ এবিষয়ে যে সিদ্ধান্ত গ্রহণ করবে তা মেনে নিবো।

তারিখ: _____

উদ্যোক্তার নাম ও স্বাক্ষর

মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রতিপালনযোগ্য শর্তাবলী:

- ১) আবেদনকারী উদ্যোক্তাকে শিল্পনীতি-২০১৬ এর সংজ্ঞানুযায়ী অতিসুদ্র (মাইক্রো), সুদ্র ও মাঝারি- এই তিন শিল্পের আওতাভুক্ত 'উৎপাদন বা সেবামূলক' ব্যবসার সাথে সংশ্লিষ্ট হতে হবে। কুটির কিংবা বৃহৎ এবং ট্রেডিং খাতের উদ্যোক্তারা মেলায় অংশগ্রহণের সুযোগ পাবেন না।
- ২) **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টসমূহ অবশ্যই দাখিল করতে হবে; অন্যথায় আবেদনপত্র বাতিল করা হবে:**

ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি; খ) সর্বশেষ ২০২১-২২ অর্থবছর তথা ২০২২-২৩ কর বছরে আয়কর জমা দেয়ার প্রমাণপত্র (এনবিআর কর্তৃক স্বাক্ষরিত রিটার্নের কপি/রিসিষ্টকপি) এবং গ) উদ্যোক্তার দুইকপি রপ্তানি ছবি (পাসপোর্ট সাইজ)।

এছাড়া কোন ক্ষেত্রে যদি সরকারের অন্যান্য অনুমোদন/অনাপত্তি আবশ্যিক হয়, তা দাখিল করতে হবে। যেমন, বিএসটিআই এর সার্টিফিকেট আবশ্যিক হলে তা দাখিল করতে হবে। অসম্পূর্ণ কিংবা বর্ণিত ডকুমেন্টবিহীন আবেদন (যেমন- মেয়াদোত্তীর্ণ ট্রেড লাইসেন্স কিংবা আয়কর রিটার্ন জমার কপি ইত্যাদি) বিবেচনা করা হবে না।
- ৩) **মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে অগ্রাধিকার প্রদান করা হবে:**

ক) শিল্পনীতি-২০১৬ অনুযায়ী উচ্চ অগ্রাধিকার/অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসাবে চিহ্নিত কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প, আইসিটি/সফটওয়্যার শিল্প, চামড়া ও চামড়াজাত পণ্য, লাইট ইঞ্জিনিয়ারিং, পাট ও পাটজাত পণ্য, প্লাস্টিক শিল্প, হস্ত ও কারুশিল্প, জুয়েলারি (কৃত্রিম), খেলনা এবং আগর শিল্পের উদ্যোক্তা খ) এসএমই ক্লাস্টারের উদ্যোক্তা এবং গ) নারী উদ্যোক্তা। এছাড়া সৃজনশীল/পরিবেশবান্ধব/রি-সাইক্লিং/রপ্তানিযোগ্য/আমদানি বিকল্প পণ্য উৎপাদন ও সেবা প্রদানকারী উদ্যোক্তাদেরকে বিশেষ অগ্রাধিকার এবং তৃতীয় লিঙ্গ, অটিজম এবং উপজাতি উদ্যোক্তাদের হ্রাসকৃত মূল্যে স্টল বরাদ্দ দেয়া হবে।
- ৪) মেলায় কেবলমাত্র দেশীয় মানসম্মত পণ্য এবং সেবা প্রদর্শন ও বিক্রয় করা যাবে। বিদেশী অথবা আমদানিকৃত কিংবা নিম্নমানের নকল পণ্য প্রদর্শন ও বিক্রয় করা যাবে না। এ ধরনের কোন অভিযোগ বা দৃষ্টান্ত উত্থাপিত/গোচরীভূত হলে তাৎক্ষণিক সংশ্লিষ্ট উদ্যোক্তা বা উদ্যোক্তাদের স্টল বরাদ্দ বাতিল করা হবে। বাতিলকৃত স্টলের বিপরীতে পরিশোধিত স্টল ফি ফেরত দেয়া হবে না।
- ৫) **নিম্নোক্ত অভিযোগসমূহের মধ্যে এক বা একাধিক অভিযোগ উত্থাপিত/গোচরীভূত হলে তাৎক্ষণিকভাবে স্টল বরাদ্দ বাতিল করা হবে:**

ক) পাইরেসি, কপিরাইট, ট্রেড মার্কস ইত্যাদি বিষয়ে অভিযোগ কিংবা আইনগত কোন জটিলতার সৃষ্টি হলে খ) তৃতীয় পক্ষকে স্টল হস্তান্তর কিংবা ভাড়া কিংবা সাবলেট প্রদান গ) ধর্মীয় এবং রাজনৈতিক অনুভূতিতে আঘাত করে- এমন কার্যক্রম পরিচালনা ঘ) বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতি-নীতি পরিপন্থী কোন কার্যক্রম পরিচালনা ঙ) শব্দদূষণ/পরিবেশ দূষণ হয় এমন কোন কার্যক্রম পরিচালনা চ) মেলা প্রাঙ্গণে অনৈতিক/অশালীন/অসামাজিক/অবৈধ কার্যক্রম পরিচালনা এবং ছ) এসএমই ফাউন্ডেশন কর্তৃপক্ষের দৃষ্টিতে মেলা পরিপন্থী কিংবা মেলায় পরিবেশ নষ্ট করে- এমন কোন কার্যক্রম গ্রহণ ও পরিচালনা করা হলে সংশ্লিষ্ট উদ্যোক্তা বা উদ্যোক্তাদের স্টল বরাদ্দ বাতিল করা হবে।
- ৬) মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তা কর্তৃক ক্রেতা বা ভিজিটরের সাথে দূর্ব্যবহার কিংবা অপেশাদার আচরণের অভিযোগ প্রমাণিত হলে- তার বিরুদ্ধে যথাযথবস্থা গ্রহণ করা হবে এবং অভিযোগ গুরুতর হলে, স্টল বরাদ্দ বাতিল করা হবে। এক্ষেত্রে স্টল ফি ফেরত প্রদান করা হবেনা।
- ৭) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি) কর্তৃপক্ষ ভেন্যুর ভিতরে বাহিরের কোন খাবার প্রদর্শন বা বিক্রয়ের অনুমতি প্রদান করে না বিধায় প্যাকেটজাত খাদ্য যেমন- জ্যাম, জেলি, আচার, জুস, সস, মধু, আচার, গুড়া মসলা, মাশরুমজাত পণ্য ইত্যাদি ব্যতীত কোন ধরনের উন্মুক্ত খাবার মেলায় প্রদর্শন বা বিক্রয় করা যাবেনা। এছাড়া স্টলে ইলেকট্রিক হিটার, ফ্রিজ, ওভেন কিংবা উচ্চ ক্ষমতার বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার করা যাবে না।
- ৮) উদ্যোক্তাগণ মেলায় প্রতিদিনের বিক্রয় ও বিক্রয়দেহ বা ওয়ার্ক-অর্ডারের তথ্যসহ মেলা সম্পর্কিত তথ্য এসএমই ফাউন্ডেশনের প্রতিনিধিকে প্রদান করতে হবে। কোন উদ্যোক্তা তথ্য দিতে অনিচ্ছুক হলে কিংবা ভুল তথ্য প্রদান করলে, তার স্টল বাতিল করা হবে। বাতিলকৃত স্টলের স্টল ফি ফেরত প্রদান করা হবে না।
- ৯) কোন উদ্যোক্তা মেলায় অংশগ্রহণের আবেদন করার পর তা প্রত্যাহার এবং দাখিলকৃত পে-অর্ডার অবমুক্ত করতে চাইলে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক বরাবর লিখিত আবেদন করতে হবে। স্টল বরাদ্দ চূড়ান্ত এবং ফাউন্ডেশনের ওয়েবসাইটে ঘোষণার পর আবেদনপত্র প্রত্যাহার কিংবা স্টল ফি ফেরত প্রদান করা হবে না।
- ১০) যেসকল উদ্যোক্তার অনুকূলে স্টল বরাদ্দ করা সম্ভব হবেনা, তাঁদের নিকট হতে গৃহীত পে-অর্ডারের সমমূল্যের অর্থ আবেদনপত্রে উল্লেখিত উদ্যোক্তা/প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে স্থানান্তর/জমা করা হবে।
- ১১) মেলা প্রতিদিন সকাল ১০.০০ টায় শুরু হয়ে রাত্রি ৮.৩০ টা পর্যন্ত চলবে বিধায় উক্ত সময়ে কোন স্টল বন্ধ রাখা যাবে না। যদি কোন স্টল বন্ধ থাকে, উক্ত স্টলের বরাদ্দ বাতিল করা হবে। বাতিলকৃত স্টলের স্টল ফি ফেরত দেয়া হবে না।
- ১২) মেলা চলাকালীন সময়ে উদ্যোক্তাগণ নিজ দায়িত্বে তাঁদের পণ্য বা মালামাল সংরক্ষণ করবেন। মেলায় পণ্য বা মালামাল চুরি বা হারানো গেলে সেক্ষেত্রে এসএমই ফাউন্ডেশন দায়ী থাকবে না। এছাড়া, মেলায় ভেন্যু ও স্টল সকাল ৯.০০ টায় খোলা হবে বিধায় উদ্যোক্তাদেরকে উক্ত সময়ের মধ্যে মেলায় ভেন্যুতে উপস্থিত থাকতে হবে এবং রাত্রি ৯.০০ টায় বন্ধ হবে বিধায় উক্ত সময়ের মধ্যে মেলায় ভেন্যু ত্যাগ করতে হবে। উল্লেখ্য, সকাল ৯.০০ টায় মেলায় স্টলসমূহ খুলে দেয়া হবে বিধায় উক্ত সময়ে উদ্যোক্তাদেরকে নিজ নিজ স্টলে থাকার জন্য অনুরোধ করা হল। এছাড়া বন্ধ অর্থাৎ রাত্রিকালীন সময়ে মেলায় ভেন্যু ও স্টলের দায়িত্ব ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী/তাদের নিরাপত্তাকর্মীদের নিকট কাছে থাকবে বিধায় উদ্যোক্তাগণ স্টল বন্ধ করার সময়ে তাঁদের পণ্য বা মালামাল যথাযথভাবে সংরক্ষণ করবেন কিংবা নিয়ে যাবেন, যাতে করে চুরি বা হারিয়ে না যায়। উক্ত সময়ে কোন পণ্য বা মালামাল হারিয়ে গেলে, এসএমই ফাউন্ডেশন দায়ী থাকবে না।
- ১৩) মেলায় কমবেশী ৩০০টি স্টল থাকবে বিধায় স্টলের তুলনায় আবেদনকারী উদ্যোক্তার সংখ্যা বেশী হলে, পূর্বোক্ত ৩নং অনুচ্ছেদের বর্ণনাসহ সূনির্দিষ্ট ক্রাইটেরিয়া অনুসরণ করে উদ্যোক্তা বাছাই করা হবে। অতএব আবেদনকারী সকল উদ্যোক্তার অনুকূলে স্টল বরাদ্দের বিষয়ে এসএমই ফাউন্ডেশন কর্তৃপক্ষ কোনরূপ অসীকার কিংবা নিশ্চয়তা প্রদান করেনা। এ বিষয়ে উদ্যোক্তাদের পক্ষ হতে কোন ধরনের আপত্তি কিংবা আবেদনগ্রহণযোগ্য বা বিবেচনা করা হবেনা।
- ১৪) মেলায় আবেদনকারী প্রতিষ্ঠান হিসেবে এসএমই ফাউন্ডেশনের নিম্নোক্ত আইনগত অধিকার সংরক্ষণ করবে:

ক) মেলা আয়োজনের তারিখ কিংবা সময়সীমা কিংবা ভেন্যু কিংবা মেলা সংশ্লিষ্ট অন্য যেকোন বিষয় কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন সময় স্থগিত, পরিবর্তন কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে; খ) আবেদনপত্র বাছাই, স্টল বরাদ্দ এবং স্টলের অবস্থান নির্ধারণের ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে উদ্যোক্তাদের নিকট হতে কোন ধরনের আবেদন বা আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

গ) আবেদনকারী উদ্যোক্তা কর্তৃক প্রদত্ত তথ্য-উপাত্ত যাচাইয়ের লক্ষ্যে প্রয়োজনে সরেজমিন অনুসন্ধানের অধিকার সংরক্ষণ করে।

ঘ) এসএমই ফাউন্ডেশন যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১৫) মেলায় অংশগ্রহণকারীদের চূড়ান্ত তালিকা এসএমই ফাউন্ডেশনের ওয়েব সাইট (www.smef.gov.bd) এবং ফাউন্ডেশনের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- ১৬) আবেদনকারী উদ্যোক্তা যে ধরনের স্টলের জন্য আবেদন করবেন, সে অনুযায়ী ব্যাংক পে-অর্ডার আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। পে-অর্ডার ব্যতিরেকে দাখিলকৃত আবেদনপত্র বাতিল বলে বিবেচনা করা হবে। পে-অর্ডার 'এসএমই ফাউন্ডেশন জেনারেল একাউন্ট' এর নামে প্রদান করতে হবে। উল্লেখ্য, পে-অর্ডার ব্যতিরেকে অন্য কোন উপায়ে (যেমন- বিকাশ, নগদ ইত্যাদি) স্টল ফি প্রদান করা হলে তা গ্রহণযোগ্য হবে না।
- ১৭) অসম্পূর্ণ আবেদনপত্র বিবেচনা করা হবেনা। আবেদন ফর্ম যথাযথভাবে পূরণ না করা হলে কিংবা আবেদনপত্রের সাথে চাহিদাকৃত ডকুমেন্টস সংযুক্ত না করা হলে কিংবা আবেদনপত্রের সাথে পে-অর্ডার দাখিল না করা হলে কিংবা নির্দিষ্ট সময়ের পরে আবেদন পাওয়া গেলে আবেদনপত্র সম্পূর্ণ বাতিল করা হবে। বাতিলকৃত আবেদনপত্রের তালিকা এসএমই ফাউন্ডেশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ১৮) আবেদনপত্র জমা: আবেদনপত্র এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক বরাবর যথাযথভাবে পূরণ করে পূর্বোক্ত ২নং অনুচ্ছেদে বর্ণিত ডকুমেন্ট সরাসরি এসএমই ফাউন্ডেশন কার্যালয়ে জমা করতে হবে। যদি সরাসরি জমা করা সম্ভব না হয়, সেক্ষেত্রে আবেদনপত্রটি সংযোজনীসহ ডাক/কুরিয়ার মারফত প্রেরণ করা যাবে।
- ১৯) **আবেদনপত্র দাখিলের সর্বশেষ সময়সীমা ২৯ সেপ্টেম্বর ২০২২ বৃহস্পতিবার বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার পর কোন আবেদন বিবেচনা করা হবেনা।**
- ২০) মেলা সম্পর্কিত যেকোন তথ্য সংগ্রহ কিংবা স্পষ্টীকরণের জন্য নিম্নোক্ত ফোন নম্বর কিংবা ইমেইলে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হ'ল।